

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অধীনস্থ দপ্তরসমূহের সমন্বয়ে অনুষ্ঠিত ২য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	২৬/১০/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ৯:০০ ঘটিকা
স্থান	ভার্চুয়াল মাধ্যম
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভার শুরুতে ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হয়। সেপ্রেক্ষিতে মৎস্য জরীপ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে বিগত সভার সকল সিদ্ধান্তই বাস্তবায়ন করা হয়েছে। এবং তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে নির্ধারিত সময়ের মধ্যেই অবহিত করা হয়েছে।

ক্রমিক নং	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর নির্ধারিত ছক মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরতঃ প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন ও স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। সে অনুযায়ী ১ম ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি সেপ্টেম্বর ২০২২ মাসের মধ্যে হালনাগাদকরতঃ ওয়েবপোর্টালে আপলোড করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর নির্ধারিত ছক মোতাবেক ১ম ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি সেপ্টেম্বর ২০২২ মাসের মধ্যে হালনাগাদকরতঃ ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে এবং প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়েছে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ত্রৈমাসিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২২) কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এবং ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০২২) কার্যক্রম চলমান রয়েছে।

অতঃপর সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার আলোকে প্রতিটি সূচকের বিপরীতে ২য় ত্রৈমাসিকের (অক্টোবর-ডিসেম্বর ২০২২) জন্য নির্ধারিত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সে পক্ষে মৎস্য জরীপ কর্মকর্তা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) সভাকে জানান যে, জেলা মৎস্য দপ্তরের পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করা হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী ১ ব্যাচের প্রশিক্ষণ এ ত্রৈমাসিকে বাস্তবায়ন করা হবে। পরবর্তীতে সভাপতি উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের নিকট এসকল কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জানতে চান। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর, শ্রীপুর ও কাপাসিয়াসহ অন্যান্য কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ**

- সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরতঃ ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।
- কার্যক্রম [২.১] এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার এর মধ্যে ১ ব্যাচের প্রশিক্ষণ এ ত্রৈমাসিকে বাস্তবায়ন করতে হবে।
- সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করে উপজেলা পর্যায় থেকে প্রতি ত্রৈমাসিকে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৩৩০০.৪০০.১৭.০০২.২২.২৬৬

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯

১৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৩) উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), গাজীপুর
- ৪) খামার ব্যবস্থাপক (সকল), গাজীপুর
- ৫) জনাব.....



ড. কায়সার মুহাম্মদ মঈনুল হাসান  
জেলা মৎস্য কর্মকর্তা